# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 28.06.2024 Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) পশ্চিমবঙ্গে ভোট পরবর্তী হিংসার ঘটনায় বিজেপি-র চার সদস্যের ফ্যাক্টফাইন্ডিং টিম দলের সর্ব ভারতীয় সভাপতির কাছে রিপোর্ট পেশ করেছে।

২) বিজেপি কোচবিহারে সংখ্যালঘু মহিলাকে নিগ্রহের ঘটনায় তদন্তকারী দল গঠন করেছে। ওই দল আগামীকাল কোচবিহারে যাবে।

৩) সাম্প্রতিক উপ-নির্বাচনে জয়ী দুই বিধায়কের শপথগ্রহণ নিয়ে জটিলতা কাটেনি। তারা আজও ধর্ণায় বসেন।

৪) মোবাইল চুরির অভিযোগে বৌ-বাজারে গণ প্রহারে এক ব্যক্তির মৃত্যুর ঘটনায় আজ উত্তেজনা ছড়ায়। ফিরে আসে ১০ বছরের আগের স্মৃতি।

৫) রাজ্যের বাকি জেলাগুলিতেও আজ বর্ষা পৌঁছেছে।

৬) কলকাতা টাইগারস মহিলাদের বেঙ্গল প্রো-টি টোয়েন্টি ক্রিকেটে চ্যাম্পিয়ান হয়েছে।

oooooooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে ভোট পরবর্তী হিংসার ঘটনায় বিজেপির চার সদস্যের ফ্যাক্ট ফাইন্ডিং দল, আজ তারা দলের সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডার কাছে

এ সংক্রান্ত রিপোর্ট পেশ করে। তৃনমূল কংগ্রেসের নেতৃত্বে শাসকদলের মদতপুষ্ট দুষ্কৃতীদের বিরুদ্ধে অভিযোগ জানিয়েছেন। বিজেপি নেতা বিপ্লব কুমার দেব, রবিশোঙ্কর প্রসাদ, ব্রীজলাল এবং কবিতা পাতিদারকে নিয়ে এই কমিটি গঠন করা হয়েছিল। মহিলাদের ব্যাপক অত্যাচার ও হিংসা সত্ত্বেও কোনো মামলা দায়ের বা পুলিশের তরফ থেকে কোনো পদক্ষেপ করা হয়নি বলে বিপ্লব দেবের অভিযোগ।

পরে এক্স হ্যান্ডেলে নাড্ডা অভিযোগ করেন, রাজ্য সরকার ভোট পরবর্তী হিংসার ব্যাপারে নীরব। সরকারের এই নিষ্ক্রিয়তার জন্য তিনি মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকেই দায়ী করেন। বিজেপি রাজ্যের মানুষের পাশে রয়েছে এবং তারা গণতান্ত্রিকভাবে লড়াই চালিয়ে যাবে বলেও তিনি আশ্বাস দেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি কোচবিহারে সংখ্যালঘু মহিলাকে নিগ্রহের ঘটনায় তদন্তকারী দল গঠন করেছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বিধায়ক অগ্নিমিত্রা পালের নেতৃত্বে সাত সদস্যের এই দল গঠন করেছেন। তদন্তকারী দলটি আগামীকাল কোচবিহারে গিয়ে সমগ্র বিষয় খতিয়ে দেখে রাজ্য সভাপতিকে রিপোর্ট দেবে। সাত সদস্যের কমিটিতে অগ্নিমিত্রা পাল ছাড়াও জলপাইগুড়ি সাংসদ জয়ন্ত রায়,বিধায়ক শিখা চ্যাটার্জি,মালতি রাভা রায়,মহিলা মোর্চার রাজ্য সভানেত্রী ফাল্গুনী পাত্র,বিজেপি নেত্রী শশী অগ্নিহোত্রী ও মাফুজা খাতুন রয়েছেন।

এদিকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এই ঘটনার কেন্দ্রীয় তদন্তকারী দল পাঠাতে জাতীয় সংখ্যালঘু কমিশন,মহিলা কমিশন এবং মানবাধিকার কমিশনে আর্জি জানিয়েছেন। ঐ তিন কমিশনে চিঠি দিয়ে তিনি

অভিযোগ করেন,কোচবিহারে দলের সংখ্যালঘু মোর্চার সহ সভাপতিকে যেভাবে নিগ্রহ করা হয়েছে তাতে এরাজ্যে সংখ্যালঘুরাও নিরাপদ নয়। এই ঘটনায় সংখ্যালঘু মুসলিমরাও আতঙ্কে রয়েছেন। এই ঘটনা ভোট পরবর্তী হিংসার অপর একটি নিদর্শন বলে শ্রী অধিকারী দাবি করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কোচবিহারের মাথাভাঙার রুইডাঙায় বিজেপি-র মহিলা মোর্চার ওই কর্মীকে নগ্ন করে মারধোরের অভিযোগের প্রেক্ষিতে আজ তাঁর সঙ্গে কথা বলেন রাজ্যের বিরোধী দলনেতা। ছিলেন বিজেপি-র আইনজীবী সেলের নেত্রী প্রিয়াঙ্কা টিব্রেওয়াল। ওই ঘটনায় বিজেপি হাইকোর্টের দ্বারস্থ হবে বলে শুভেন্দুবাবু জানান।

দলের মহিলা মোর্চার রাজ্য সভানেত্রী অগ্নিমিত্রা পাল আগামীকাল কোচবিহারে গিয়ে নির্যাতিতা মহিলার সঙ্গে কথা বলবেন। তারপর তিনি পুলিশ সুপারের দফতরের গিয়ে স্মারকলিপি জমা দেবেন বলেও জানা গেছে।

এদিকে, রাজ্য পুলিশ ঘটনাটিকে প্রতিবেশীদের মধ্যে বিবাদ বলে দাবি করেছে।

উল্লেখ্য, এমাসের ২৫ তারিখ ওই মহিলা যখন মাঠে কাজ করতে যাচ্ছিলেন, সেই সময় তার পথ আটকে তৃণমূল কংগ্রেসের লোকেরা ব্যাপক মারধোর করে বলে অভিযোগ। পরিবারের অভিযোগের ভিত্তিতে চারজনকে গ্রেফতার করেছে পুলিশ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

সাম্প্রতিক উপনির্বাচনে তৃণমূল কংগ্রেসের দুই বিজয়ী প্রার্থী শপথ গ্রহণ নিয়ে জটিলতা এখনো কাটেনি। সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায় এবং রায়াত হোসেন সরকার বিধানসভাতেই শপথ নেবেন এই দাবিতে আজ ও ধর্নায় বসেন । বিধানসভা চত্বরে অম্বেডকর মূর্তির পাদদেশে তৃতীয় দিনে দুঘন্টা টানা ধর্না দেন তাঁরা। রাজ্যের মন্ত্রী ফিরহাদ হাকিম, অরূপ বিশ্বাস, শশী পাঁজা, বিধানসভার উপাধ্যক্ষ আশিস বন্দ্যোপাধ্যায়-সহ তৃণমূল বিধায়কেরা তাঁদের সঙ্গে ধর্নায় যোগ দেন। তৃণমূল কংগ্রেস নেতৃত্ব রাজ্যপালের বিরুদ্ধে পক্ষপাতিত্বের অভিযোগ এনেছেন। বিজয়ী প্রার্থী সায়ন্তিকা জানান, রাজ্যে এই দিন দেখতে হচ্ছে বলে তাঁরা লজ্জিত। তবে তাঁরা কোনও মতেই রাজভবনে শপথ নিতে যাবেন না।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, উপনির্বাচনে জয়ী দুই বিধায়কের শপথ গ্রহন নিয়ে জটিলতা কাটাতে তাঁর হস্তক্ষেপ চেয়ে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় রাষ্ট্রপতির পরে আজ উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড়ের সঙ্গেও টেলিফোনে কথা বলেছেন। গোটা বিষয়টি জানিয়ে এই ক্ষেত্রে কি পদক্ষেপ নেওয়া যায় তা নিয়ে উপরাষ্ট্রপতিকে উদ্যোগী হওয়ার কথা বলেছেন। অধ্যক্ষ জানান উপরাষ্ট্রপতি বিষয়টি গুরূত্ব দিয়ে দেখবেন বলে তাকে আশ্বাস দিয়েছেন বলে অধ্যক্ষ জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য বিধানসভায় আজ প্রাক্তন বিধায়ক ও বিজেপির প্রথম রাজ্য সভাপতি হরিপদ ভারতীর ১০৫তম জন্ম দিবস পালিত হয়। এই উপলক্ষে এক অনুষ্ঠানে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ও মুখ্য সচেতক শংকর

ঘোষ সহ পরিষদীয় দলের কয়েকজন সদস্য প্রাক্তন বিধায়কের প্রতিকৃতিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী তার বর্দ্ধিত বেতনের অর্থ ডিএ আন্দোলনকারী সরকারি কর্মীদের হাতে তুলে দিয়েছেন। রাজ্য বিধানসভায় আজ সংগ্রামী যৌথ মঞ্চের ডিএ আন্দোলনকারী সরকারি কর্মচারীদের হাতে তিনি ৪০ হাজার টাকার চেক তুলে দেন। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিরোধী দলনেতা বলেন, বিধানসভায় বিধায়কদের বেতন বৃদ্ধি পেয়েছে। তাই উকিলের খরচ সহ সংগ্রামী যৌথ মঞ্চের আন্দোলনকারীদের আইনি লড়াইয়ের জন্য তিনি এই অর্থ তুলে দিয়েছেন। রাজ্যে মিড ডে মিল নিয়েও ব্যপক দুর্ণিতি হয়েছে বলেও শুভেন্দু বাবু উল্লেখ করেন।

(বাইট – শুভেন্দু)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার চলতি আর্থিক বছরে ব্যাঙ্কগুলির জন্য ক্ষুদ্র ও মাঝারি শিল্পকে ১ লক্ষ ৫৩ হাজার কোটি টাকা ঋণ দেওয়ার লক্ষ্যমাত্রা ধার্য করেছে। স্টেট লেভেল ব্যাঙ্কার্স কমিটি বা এসএলবিসি'র বৈঠকে আলোচনার পর এই লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে। রাজ্যের অর্থ দফতর সূত্রে জানা গেছে, ঋণ দানের লক্ষ্যমাত্রা গত আর্থিক বছরের তুলনায় অনেকটাই বাড়ানো হয়েছে। আগেরবার এই লক্ষ্যমাত্রা ছিল ১ লক্ষ ৪০ হাজার কোটি টাকা। কিন্তু ব্যাঙ্কগুলি সেই লক্ষ্যমাত্রা ছাপিয়ে চলতি আর্থিক বছরে ক্ষুদ্র ও মাঝারি শিল্পকে ১ লক্ষ ৪৫ হাজার কোটি টাকার বেশি ঋণ দিয়েছে। গত কয়েক বছর ধরেই ব্যাঙ্কগুলি এরাজ্যের ছোট শিল্পে ঋণ দানের হার

ক্রমান্বয়ে বাড়াচ্ছে বলে অর্থ দফতরের তরফে জানানো হয়েছে। এর ফলে শিল্পে কর্মসংস্থানের সুযোগও বাড়ছে।

oooooooooooooooooooooooooooo

দেশে এই প্রথম অনলাইনে আদালতের বিচার প্রক্রিয়া, শুরু হচ্ছে।

FIR থেকে শুরু করে সমগ্র বিচার প্রক্রিয়াই চলবে অনলাইনে। এর ফলে বিচারের জন্য দীর্ঘ সময় অপেক্ষা করতে হবেনা বিচার প্রার্থীদের। দেশের নতুন তিনটি ফৌজদারি আইন- ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম পয়লা জুলাই থেকে বলবত হচ্ছে।

কলকাতা প্রেস ক্লাবে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক এবং তথ্য সম্প্রচার মন্ত্রকের অধীন প্রেস ইনফরমেশন ব্যুরো- PIB-র উদ্যোগে আজ একটি কর্মশালার আয়োজন করা হয়েছে। বার্তালাপ নামের এই কর্মশালায় প্রেস ইনফরমেশন ব্যুরো-র অতিরিক্ত মহা নির্দেশক শম্ভুনাথ চৌধুরী বলেন, তিনটি নতুন আইন চালু হওয়ায়, দেশে অপরাধের বিচারে এক নতুন যুগের সূচনা হয়েছে। এই তিন আইনে শাস্তির পরিবর্তে সুবিচারের ওপর জোর দেওয়া হচ্ছে। কোনো নিরাপরাধ ব্যক্তি শাস্তি পাবেন না।

‘ওয়েস্ট বেঙ্গল ন্যাশনাল ইউনিভার্সিটি অফ জুরিডিক্যাল সায়েন্সেস’-এর সহকারী অধ্যাপক সুরজ কান্ত বলাধিকারী বলেন –

(বাইট)

oooooooooooooooooooooooooo

মোবাইল চুরির অভিযোগে বৌ-বাজারে আজ গণ প্রহারে এক ব্যক্তির মৃত্যুর ঘটনায় উত্তেজনা ছড়ায়। ফিরে আসে ১০ বছরের আগের স্মৃতি।

পুলিশ জানিয়েছে মৃত ইরসাদ বেলগাছিয়ার বাসিন্দা। তিনি চাঁদনিচকের একটি টেলিভিশনের দোকানে চাকরি করতেন। মুচিপাড়া থানা এলাকার নির্মলচন্দ্র স্ট্রীটের একটি ছাত্রাবাসের কয়েকজন পড়ুয়া তাদের মোবাইল চুরি করার অভিযোগে ইরসাদকে প্রথমে ছাত্রাবাসের বাইরে মারধোর করে, তারপর ভেতরে নিয়ে গিয়েও বেধড়ক প্রহার করা হয়। পুলিশ তাকে গুরুতর আহত অবস্থায় উদ্ধার করে মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকেরা মৃত ঘোষণা করেন। তার নিম্নাংঙ্গে প্রচুর আঘাতের চিহ্ন ছিল।

এই ঘটনার পর এলাকায় তুমুল উত্তেজনা ছড়িয়ে পড়ে। ঘটনাস্থলে যান ডিসি সেন্ট্রাল। পুলিশ ওই ছাত্রাবাস থেকে ১৪ জনকে আটক করেছে।

উল্লেখ্য, ১০ বছর আগে ২০১৪-র নভেম্বরে এন আর এস মেডিকেল কলেজ হাসপাতালের হস্টেলে ডাক্তারি পড়ুয়ারা মোবাইল চোর সন্দেহে এভাবেই কোরপান সাহা নামে বছর ৩০-এর এক ব্যক্তি পিটিয়ে মেরে ফেলে।

oooooooooooooooooooooooo

সরকারি জায়গা দখল করে অবৈধ নির্মান বন্ধ করল বর্ধমান পুরসভা। বর্ধমান পুরসভার ১৬ নং ওয়ার্ডের সদরঘাট পুরাতনবাজার এলাকায় সরকারি জমিতে অবৈধ নির্মানের খবর পেয়ে পৌরপতি পরেশ চন্দ্র সরকার ও বর্ধমান থানার পুলিশ অভিযান চালিয়ে অবৈধ নির্মানের কাজ বন্ধ করে দেন।ঘটনাস্থল থেকে দু'জনকে আটক করা হয়। ।

পরেশ সরকার জানিয়েছেন,গত ২৪ মার্চ বর্ধমান থানার পুলিশকে নিয়ে অভিযানে যান তিনি ।তখন নির্ম্মিয়মান বাড়িটির দোতলার ছাদ ঢালাইয়ের কাজ চলছিল।পুর প্রধান সেই কাজ বন্ধ করে দেন। বাড়ির মালিককে বার

বার নোটিশ দিয়ে পুরসভায় ডেকে পাঠানো হয়। কিন্তু বাড়ির মালিক আসেনি। গোপনে নির্মান কাজ চালিয়ে যাচ্ছিলেন তিনি। আজ খবর পেয়ে ফের তিনি অভিযান চালান। তবে বাড়ির মালিক বিশ্বজিত ভকতের দেখা পাওয়া যায়নি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বেআইনী পাথর বোঝাই ট্রাক্টর সহ এক চালককে আটক করেছে পুলিশ। ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের কাছ থেকে খবর পেয়ে আজ বাঁকুড়া-২ ব্লকের পুরন্দরপুর সংলগ্ন খেরোশোলের কাছে ওই পাথর বোঝাই ট্রাক্টরটি পুলিশ আটক করে বাঁকুড়া সদর থানায় নিয়ে যায়। ভূমি দপ্তরের আধিকারিক দীপক দেবনাথ জানিয়েছেন, কোন ধরণের সরকারী অনুমতি ছাড়াই পাথর নিয়ে যাওয়ার সময় ট্রাক্টর সহ চালককে আটক করা হয়েছে। এই ধরণের বেআইনী কাজের বিরুদ্ধে ধারাবাহিক অভিযান চলছে বলেও তিনি জানান।।

০০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার কৃষ্ণনগরে ভাতজাংলা পঞ্চায়েতের পালপাড়ায় একটি পুকুর ভরাটকে কেন্দ্র করে আজ ব্যাপক উত্তেজনা দেখা দেয়। স্থানীয় মানুষ জানিয়েছেন ওই এলাকায় বিশাল একটি জলাশয় কয়েকজন প্রমোটার বেশকিছুদিন ধরে  ভরাটের চেষ্টা করছে। আজ সকালে সেখানে ট্রাক্টরে করে মাটি ফেলে ভরাট করতে গেলে স্থানীয়রা বাধা দেয়। পরে পুলিশ গিয়ে ট্রাকটরটিকে আটক করে নিয়ে যায় । এলাকার মানুষ পুকুর ভরাট বন্ধের দাবি জানিয়ে বলেছে, তা না হলে তারা বৃহত্তর আন্দোলনে সামিল হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাস্তা সংস্কারের দাবি ও ট্রাকটর চালকদের ওপর পুলিশী অত্যাচারের প্রতিবাদে আজ বীরভূমের নলহাটির বাইপাস রাস্তা অবরোধ করেন স্থানীয় বাসিন্দারা। গুরুত্বপূর্ণ রাস্তায় অবরোধ চলায় দু-পাশে দাঁড়িয়ে পড়ে বড়-ছোটো বহু গাড়ি। অবরোধকারীদের অভিযোগ, স্থানীয় যুবকরা ব্যাঙ্ক ঋণ নিয়ে ট্রাকটর কিনে পাথর নিয়ে এসে ব্যবসা করছে। তাদের ওপর চলছে পুলিশী জুলুম।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের বাকি জেলা গুলিতেও আজ বর্ষা পৌঁছেছে।আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানিয়েছেন আগামী চার দিন রাজ্যের সব জেলাতেই বৃষ্টি হবে ।

এদিকে পয়লা জুন থেকে এখনও পর্যন্ত দক্ষিণবঙ্গে ৭০ শতাংশ বৃষ্টির ঘাটতি রয়েছে বলে আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে। তবে জুলাই আগস্ট মাসে ভারী বৃষ্টির সম্ভাবনা থাকায় এই ঘাটতি কৃষি ক্ষেত্রে বড় প্রভাব ফেলবে না বলে ডঃ হাবিবুর রহমান জানিয়েছেন।

বাইট ডঃ হাবিবুর রহমান বিশ্বাস।

উল্লেখ্য, দীর্ঘ প্রতীক্ষার পর অবশেষে কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জায়গায় আজ বর্ষার বৃষ্টি শুরু হয়েছে। বঙ্গোপসাগরে একটি নিম্নচাপ তৈরীর সম্ভাবনা দেখা দেওয়ায় সপ্তাহান্তে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে মাঝারি থেকে ভারী বৃষ্টির সম্ভাবনা। ভারী বৃষ্টি হতে পারে, দক্ষিণ ২৪ পরগণা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুরে।

কলকাতা, হুগলী, হাওড়া, উত্তর ২৪ পরগণা, জাহড়গ্রাম, পুরুলিয়া, বাঁকুড়া, পূর্ব ও পশ্চিম বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ ও নদীয়ায় বজ্রবিদ্যুৎ সহ হাল্কা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে।

এদিকে, বৃষ্টিতে অসহ্য গরমের হাত থেকে কিছুটা স্বস্তি মিলেছে। কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়, ৩১ দশমিক ১ ডিগ্রী সেলসিয়াস। স্বাভাবিকের তুলনায় যা, ১ দশমিক ৮ ডিগ্রী নীচে। সকালে সর্ব নিম্ন তাপমাত্রা অবশ্য ছিল স্বাভাবিকের সামান্য ওপরে ২৭ দশমিক ৬ ডিগ্রী সেলসিয়াস। গত ২৪ ঘন্টায় বৃষ্টি হয়েছে ১৭ দশমিক ৬ মিলিমিটার।

oooooooooooooooooooooo

বাঁকুড়ায় আজ দুপুরে মাটির বাড়ির দেওয়াল চাপা পড়ে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। দেবেন পাত্র নামে বছর ৫৫-র ওই ব্যক্তি নিজের বাড়ির উঠোনে সবজি চাষ করছিলেন, সে সময় একটি জীর্ণ দেওয়াল ভেঙে পড়ে। প্রতিবেশীরা দ্রুত তাকে উদ্ধার করলেও প্রাণে বাঁচানো যায়নি। দেহটি ময়না তদন্তে পাঠানো হয়েছে বাঁকুড়া মেডিকেল কলেজে।

oooooooooooooooooooooooo

কলকাতা টাইগার্স , মহিলাদের বেঙ্গল প্রো টি টোয়েন্টি লিগ ক্রিকেটে চ্যাম্পিয়ন হয়েছে। ইডেনে আজ ফাইনালে তারা ৫ রানে মুর্শিদাবাদ কুইন্সকে হারিয়ে দেয়। কলকাতা প্রথমে ব্যাট করে পাঁচ উইকেটে ১১০ রান করে। জবাবে মুর্শিদাবাদ নয় উইকেটে ১০৫ তুলতে সমর্থ হয়। কলকাতা দলের অধিনায়ক মিতা পাল ২৪ রান ও দুটি উইকেট নিয়ে ম্যাচের সেরা হয়েছে।

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooo